দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৭৭

তারিখ ... 01 JUL 1988
পৃষ্ঠা ... ৬

## উত্তরাঞ্চলের প্রাথমিক বিদ্যালয়গুলোতে

# নলকূপ অকেজো থাকায় ছাত্র–ছাত্রীরা বিশুদ্ধ পানি পাচ্ছে না

॥ আবদুল বাতেন হিরু ॥

উল্লাপাড়া, ৩০শে জুন।– উত্তরাঞ্চলের ১৬টি জেলার সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৩ হাজার ১শ' ১৮টি নলকূপ দীর্ঘদিন ধরে অকেজো হয়ে মেরামতের অপেক্ষায় পড়ে রয়েছে।

১৯৮২–৮৩ ও ১৯৮৩–৮৪ অর্থবছরে ইউনিসেফ–এর আর্থিক সহযোগিতায় শিক্ষা মন্ত্রণালয়ের ফ্যাসিলিটিজ বিবাগের তত্ত্বাবধানে উত্তরাঞ্চলের ১৬টি জেলার সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র–ছাত্রীদের বিশুদ্ধ পানি পান করার জন্য ৩ হাজার ৭শ' ৪১টি নলকূপ স্থাপন করা হয়েছিল। নলকূপগুলো সুষ্ঠু রক্ষণাবেক্ষণ ও তদারকীর কোন ব্যবস্থা না থাকায় ৪ থেকে ৫ বছরের মধ্যে ৩ হাজার ১শ' ১৮টি নলকূপ সম্পূর্ণভাবে আকেজো হযে পড়েছে। নলকূপগুলোর প্রধান প্রধান উপরিভাগের যন্ত্রাংশে রাতের আঁধারে চুরি হয়ে যায়। বেশীর ভাগ নলকূপের হ্যান্ডেলের অংশ কিংবা সম্পূর্ণ উপরিভাগ চুরি হয়ে যায়। বিদ্যালয়গুলোতে পাহারার কোন ব্যবস্থা না থাকায় এই পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এছাড়া অসংখ্য নলকূপ সামান্য ত্রুটির জন্য অকেজো হয়ে রয়েছে। ফ্যাসিলিটিজ বিভাগ থেকে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নলকূপগুলো রক্ষণের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের উপর দায়িত্ব অর্পণ করে। অথচ অকেজো নলকূপগুলো মেরামতের জন্য জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগকে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দেয়া হয়নি। ফলে ১৬টি জেলার ৩ হাজার ১শ' ১৮টি নলকূপ অকেজো হয়ে থাকায় সংশ্লিষ্ট বিদ্যালয়গুলোর ছাত্র–ছাত্রীরা বিশুদ্ধ পানি থেকে দীর্ঘদিন ধরে বঞ্চিতরয়েছে।

উত্তরাঞ্চলের জেলাগুলো হচ্ছে রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগা, নাটোর, দিনাজপুর, পঞ্চগড়, জয়পুরহাট, কুড়িগ্রাম, রংপুর, ঠাকুরগাঁও, লালমনিরহাট, গাইবান্ধা, নীলফামারী, বগুড়া, পাবনা ও সিরাজগঞ্জ।